



সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন উচ্চ বিদ্যালয়

শিমুলতলী, গাজীপুর সদর, গাজীপুর-১৭০৩।

EIIN - 108969 ; বিদ্যালয় কোড-২০৬৯;

তারিখ: ০৬/০৬/২০২৩ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিমিটেড-এর নিজস্ব অর্থায়নে পরিচালিত সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন উচ্চ বিদ্যালয়ের জন্য নিম্ন বর্ণিত পদ সমূহে নিয়োগের লক্ষ্যে বিজ্ঞপ্তিতে উল্লেখিত বেতনক্রম এবং অত্র বিদ্যালয়ের প্রচলিত অন্যান্য ভাতাদিতে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা	বয়স ১০/০৭/২০২৩ তারিখে	বেতন স্কেল
সহকারী প্রধান শিক্ষক	০১ (এক)	বিএড ডিগ্রি সহ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমান ডিগ্রি। (শিক্ষা জীবনের কোন ক্ষেত্রেই ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য নয়।)	মাধ্যমিক/নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে ইনডেপেন্ডেন্ট সহকারী শিক্ষক হিসেবে (এমপিও ভুক্ত পদে) ন্যূনতম ১০ (দশ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। অথবা, সরকারি, সংস্থা পরিচালিত মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান যেমন: ট্রাস্ট, মিশনারী, সেনানিবাস, পৌরসভা, সিটি করপোরেশন, রেলওয়ে, বিশ্ববিদ্যালয়, বোর্ড, রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান বা এই রূপ সংস্থা পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানে বিএড ডিগ্রিসহ সহকারী শিক্ষক হিসেবে স্থায়ী পদে ন্যূনতম ১০ (দশ) বছর চাকরির অভিজ্ঞতা	অনুর্ধ্ব ৫৫ বছর	জাঃবে: স্কেল ২০১৫ অনুযায়ী ২৩,০০০-৫৫,৪৭০/- হেড-৮
সহকারী শিক্ষক (জীব বিজ্ঞান)	০১ (এক)	বিএড ডিগ্রিসহ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রি/সমমান। (শিক্ষা জীবনের কোন ক্ষেত্রেই ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য নয়।) অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রি/সমমান। (শিক্ষা জীবনের কোন ক্ষেত্রেই ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য নয়।)	-	অনুর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেপেন্ডেন্টদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)	জাঃবে: স্কেল ২০১৫ অনুযায়ী (বিএড ডিগ্রি থাকলে) ১৬,০০০-৩৮,৬৪০/- (হেড -১০) অথবা, (বিএড ডিগ্রি না থাকলে) ১২,৫০০-৩০২৩০/- (হেড-১১)

শর্তাদি ও অন্যান্য বিষয়াদি:

- ১) অত্রই প্রার্থীদের পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত, ০৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্রের কপি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপিসহ আবেদনপত্র সভাপতি, স্কুল ম্যানেজিং কমিটি, সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন উচ্চ বিদ্যালয়, গাজীপুর-১৭০৩'- এই ঠিকানায় আগামী ১০/০৭/২০২৩ তারিখের মধ্যে ডাক যোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অথবা হাতে হাতে দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ- এর ৩নং গেটে রক্ষিত বাক্সে পৌছাতে হবে।
- ২) চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করতে হবে।
- ৩) NTRCA কর্তৃক গৃহীত নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
- ৪) সহকারী প্রধান শিক্ষক পদে ইংরেজী বিষয়ের শিক্ষকদের চাকরিতে অগ্রাধিকার দেওয়া হবে।
- ৫) খামের উপর পদের নাম ও নিজ জেলার নাম স্পষ্ট অক্ষরে উল্লেখ করতে হবে।
- ৬) পরীক্ষা গ্রহণের জন্য প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৭) নির্বাচিত প্রার্থীগণ বিদ্যালয়ে প্রচলিত নিয়মে গ্রাচুয়ালিটি, প্রভিডেন্ট ফান্ড, জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী বাড়ী ভাড়া, উৎসব বোনাস ও অন্যান্য ভাতাদি প্রাপ্ত হবেন।
- ৮) এই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের পর ইতোপূর্বে সহকারী শিক্ষক (জীব বিজ্ঞান) পদের জন্য ১৬/১১/২০২২ খ্রি. তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিটি বাতিল বলে গণ্য হবে।
- ৯) কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এই বিজ্ঞপ্তি প্রকাশের প্রেক্ষিতে আবেদন পত্র গ্রহণ, বাছাই ও নিয়োগ প্রক্রিয়া আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

(রশিদ আহমেদ)

সভাপতি

স্কুল ম্যানেজিং কমিটি